মন্ত্রিপরিষদ বিভাগের ফেব্রুয়ারি ২০১৯ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **ফেব্রুয়ারি ২০১৯** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **২৫ মার্চ ২০১৯**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৬৪	২২৫	১৩৯
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,১৪৬	৮৫৭	১,২৪৪
মোট	২,৫১০	১,০৮২	১,৩৮৩

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১৭	২৭	৪৬	৪৯	১৩৯
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৭৫	৩২৪	৩৭০	১৭৫	১,২৪৪*
মোট	-	-	৩৯২	৩৫১	৪১৬	২২৪	১,৩৮৩

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	০১। ০১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলা সফর করেন। ০২। ০২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ নরসিংদী জেলার সদর উপজেলার পাঁচদোনাস্থ ড্রিম হলিডে পার্ক পরিদর্শন করেন।	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১১.৭৯ জিওবি: ০.১০ মোট: ১১.৮৯	৪.৬১৪৭ (৩৮.৮১ শতাংশ)	-	-	-
Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS	ডিপিএ: ২.৪৩ জিওবি: ০.৫৭ মোটঃ ৩.০০	১.১৭৬৫ (৩৯.২১ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh 2nd Phase	ডিপিএ: ২.৬৯ জিওবি: ০.৬৮ মোট: ৩.৩৭	২.৫৬৪৬ (৭৬.১৮ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	০.৩৯৫	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের নিরীক্ষাকার্য ৩০ জুন/২০১৮ পর্যন্ত সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষায় ০৭টি অডিট আপত্তি দেওয়া হয়। আপত্তিগুলোর মধ্যে ০১টি আপত্তিতে ১৬,৫৬১ টাকা ভ্যাট ও আয়কর কম কর্তন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়। অবশিষ্ট ০৬টি আপত্তি পর্যবেক্ষণ সংশ্লিষ্ট। এছাড়া ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১২টি	২৩২.০৩	-	-	১২টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৩টি**	**৯১৯.১৯৫**	**০৪**	**-**	**২৩টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০২	-	-	১	-	১	-
দুর্নীতি দমন কমিশন-১১	-	-	-	-	১১	০৪
মোট= ১৩	-	-	১	-	১২	০৪

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	'Budget Management Specialist (BMS)' শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ স্থান: সেগুনবাগিচা, ঢাকা	২১ জানুয়ারি ২০১৯ হতে ১৪ ফেব্রুয়ারি ২০১৯	আইপিএফ	**একজন** উপসচিব
দুর্নীতি দমন কমিশন	১।	ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স	২৪-২৮ ফেব্রুয়ারি ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**ত্রিশজন**

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: ২০১৮-১৯ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য বাৎসরিক ৬০ ঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: দুই জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার একটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ৭টি সিদ্ধান্ত গৃহীত হয়। ৭টি সিদ্ধান্তই বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ১৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র সভা অনুষ্ঠিত হয়।

(৪) ফেব্রুয়ারি ২০১৯ মাসে নিম্নোক্ত কমিটিসমূহ গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে:

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি;
- জাতীয় পরিবেশ কমিটি;
- জাতীয় পরিবেশ কমিটির নির্বাহী কমিটি;
- বাংলাদেশ জাতীয় সংরক্ষণ কৌশলপত্র (Bangladesh National Conservation Strategy)-এর খসড়া চূড়ান্তকরণের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি।
- সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি;
- নিরাপদ সড়ক সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;
- খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি);
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (NCST);
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি (ECNCST);
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত দিক-নির্দেশনা প্রদান ও মনিটরিং-এর জন্য জাতীয় কমিটি; এবং
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিতভাবে তদারকি, প্রকল্প-সংশ্লিষ্ট ও কারিগরি বিষয়াদি পর্যালোচনা ও সিদ্ধান্ত প্রদানের জন্য কারিগরি কমিটি।

(৫) ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বুধবার রাতে রাজধানীর চকবাজারের নন্দকুমার দত্ত রোড ও চুরিহাট্টা শাহী জামে মসজিদ রোড এলাকায় ভয়াবহ অগ্নিদুর্ঘটনায় মর্মান্তিকভাবে নিহতদের বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা প্রকাশের লক্ষ্যে ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ ০১ দিনের রাষ্ট্রীয় শোক পালন এবং উক্ত দিবসে বাংলাদেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান ও ভবনসমূহে এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার জন্য প্রজ্ঞাপন জারি করা হয়।

(৬) ২৬ ফেব্রুয়ারি সচিব, (সমন্বয় ও সংস্কার)-এর সভাপতিত্বে জাতীয় সংগীত প্রতিযোগিতা ২০১৯-এর কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৭) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ সরকারি সফরে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ১৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জার্মানিতে অনুষ্ঠেয় '55th Munich Security Conference 2019' এবং সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠেয় 'International Defence Exhibition and Conference 2019'-এ অংশগ্রহণের লক্ষ্যে ১৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ সরকারি সফরে মিউনিখের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৩০টি সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও বিভাগীয় কমিশনারগণের নিকট সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত জেলাপ্রশাসক সম্মেলন ২০১৮-এ গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ফেব্রুয়ারি ২০১৯ পর্যন্ত ৬৫টি স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(১১) CRVS বাস্তবায়ন সংক্রান্ত পাক্ষিক সমন্বয় সভা আয়োজন করা হয়।

(১২) CRVS সংক্রান্ত Technical কমিটির সভা আয়োজন করা হয়।

(১৩) সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ফোকাল পয়েন্ট সংক্রান্ত একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়।

(১৪) 'A mapping of Child Sensitive Social Protection Programs in Bangladesh' শীর্ষক stakeholder consultation মিটিং ১৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে আয়োজন করা হয়।

(১৫) 'Support to the CMC's Policy Guidance on Child Component of the NSSS' শীষর্ক কারিগরি সহায়তা প্রকল্পের Project Implementation Committee (PIC)-এর তৃতীয় সভা ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে আয়োজন করা হয়।

(১৬) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সংশোধন প্রস্তাবসমূহ কারিগরি কমিটির সভায় উপস্থাপন করা হয়।

(১৭) মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা ২০১৯-২০ এর খসড়া প্রস্তুত করা হয়।

(১৮) ব্যাটারিচালিত রিক্সা পরিচালনার জন্য নীতিমালা প্রণয়নের দাবীতে বিক্ষোভ সমাবেশ ও মিছিল সংক্রান্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) গুরুত্বপূর্ণ ও বিশিষ্ট ব্যক্তিবর্গের নিরাপত্তার নিয়োজিত পুলিশ সদস্যদের দৈনন্দিন ব্যয় নির্বাহ সংক্রান্ত বিষয়ে প্রাণনাশের হুমকিপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত পুলিশ সদস্যদের দৈনন্দিন থাকা খাওয়ার বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তির দায় হিসেবে পরিগণিত কিনা তা যাচাইপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) আহমদীয়া মুসলিম জামাত, আহমদনগর, ধাক্কামারা, পঞ্চগড় ও সম্মিলিত খতমে নবুওয়ত সংরক্ষণ পরিষদ কর্তৃক একই তারিখ ও পাশাপাশি স্থানে বাৎসরিক জলসা ও মহাসম্মেলন আয়োজন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশে কর্মরত আন্তর্জাতিক সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্সের ৯ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা; জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলায় বিজিবি'র গুলিতে বাংলাদেশি নিহত হওয়া সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) এসএসসি পরীক্ষা ২০১৯-এর বাংলা ২য় পত্রের ২০০ খাতা হারানো সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) সমরপুস্তকের ১০ জন অভিরক্ষকের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র ডায়েরি করে সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়।

(২৬) ২০১৭ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপ, বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীর মোট ৪৭টি খণ্ডের কভার পেজের নমুনা প্রস্তুত করা হয় এবং সূচি সংযোজন করা হয়।

(২৭) ফেব্রুয়ারি ২০১৯ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ১ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল দাখিল করা হয়। এ ছাড়া ৭০ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংল্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৮) বিভিন্ন আইনে ৭৫ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৯) জনাব ফারুক আহমেদ, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৭ জানুয়ারি ২০১৯ তারিখে নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলা; এবং ড. আশরাফুল আলম, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০২ ডিসেম্বর ২০১৮ তারিখে ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলা পরিদর্শন করে দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়।

(৩০) পঞ্চম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে দুটি পরিপত্র জারি করা হয়।

(৩১) ১ মার্চ তারিখে 'জাতীয় ভোটার দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিতে মাঠ প্রশাসনের কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়; আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উপলক্ষে নারী উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণে 'টেকসই উন্নয়ন অভীষ্ট, সুশাসন ও নারী' বিষয়ক কর্মশালায় ৩ জন নারী উপজেলা নির্বাহী অফিসারকে মনোনীত করে সরাসরি TIB-কে জানিয়ে দেওয়ার জন্য সকল বিভাগীয় কমিশনারকে অনুরোধ করা হয়। ০৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে রংপুর জেলায় দিনব্যাপী অনুষ্ঠিত স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন বিষয়ক কর্মশালার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার, রংপুরকে অনুরোধ করা হয়।

(৩২) ফেব্রুয়ারি ২০১৯ মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৯ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৫ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়।

(৩৩) ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনে সহযোগিতা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) কক্সবাজার জেলায় চলমান উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ কমিটির ২য় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সদস্যদের বরাবর প্রেরণ করা হয়।

(৩৬) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকির জন্য জেলা প্রশাসকদের নির্দেশনা প্রদান সংক্রান্ত পত্র কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৩৭) ২৫ মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং আন্তর্জাতিক নারী দিবস-২০১৯ উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৮) জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০১৯ উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) জেলার জনবল ও পদ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪১) পণ্য ও সেবার মান এবং পরিমাপ নিশ্চিতকরণে বিএসটিআই'র কার্যক্রম পরিচালনায় সহযোগিতা প্রদানের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪২) যোগাযোগ ব্যবস্থা, শিক্ষা, চিকিৎসা, বিদ্যুৎ ও অন্যান্য সুযোগ-সুবিধা বিবেচনা করে পার্বত্য এলাকা বহির্ভূত ১৬টি উপজেলাকে হাওড়/দ্বীপ/চর উপজেলা হিসাবে ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৪৩) ০৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে এস্টাব্লিসমেন্ট ম্যানুয়েল (ভলিয়ম-৩ ও ৪) প্রণয়নের লক্ষ্যে অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা হতে জারিকৃত প্রজ্ঞাপন/পরিপত্র প্রেরণ করা হয়।

(৪৪) ০৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় ই-ফাইল কার্যক্রম চালুকরণের লক্ষ্যে এটুআইকে পত্র প্রদান করা হয়।

(৪৫) ১৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) ও প্রসেস ম্যাপ আপলোড করা হয়।

(৪৬) ১৭ ও ১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখসমূহে ২টি ব্যাচে ৫৬টি মন্ত্রণালয়/বিভাগ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার এবং অনলাইনে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সফটওয়্যার ভার্সন-২-এ আপলোডের নিমিত্তে প্রশিক্ষণ আয়োজন করা হয়।।

(৪৭) মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে এবং ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়ের সহযোগিতায় সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে সিটিজেন্স চার্টার এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত একটি প্রশিক্ষণ ২৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিনব্যাপি কর্মশালা আয়োজন করা হয়।

(৪৮) ১২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে সকল মন্ত্রণালয়/বিভাগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০১৮-১৯)-এ মন্ত্রণালয়/বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য-১ এর আওতাধীন কার্যক্রম ১.৫ ও ১.৬-এর কর্মসম্পাদন সূচক স্পষ্টীকরণ সংক্রান্ত পত্র জারি করা হয়।

(৪৯) সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

(৫০) ৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের নিমিত্ত .bd (ডট bd) ও .বাংলা (ডট বাংলা) ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক এবং ডাইনামিক ওয়েবসাইট তৈরিকরণ-সংক্রান্ত হালনাগাদ তথ্য/প্রতিবেদন সকল মন্ত্রণালয়/বিভাগ/জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৫১) ১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জেলা-ব্র্যান্ডিং বুকের দ্বিতীয় সংস্করণ প্রকাশের সময় মূল্য নির্ধারণপূর্বক প্রকাশের জন্য সকল জেলা প্রশাসক বরাবের পত্র প্রেরণ করা হয় এবং জেলা-ব্র্যান্ডিং সংক্রান্ত একটি পৃথক অর্থনৈতিক কোড সৃষ্টি করার নিমিত্ত অর্থ বিভাগকে নির্দেশনা প্রদানের জন্য এ বিভাগের পরিকল্পনা ও বাজেট অধিশাখায় পত্র প্রেরণ করা হয়।

(৫২) ১৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জেলা-ব্র্যান্ডিং বুকের নতুন সংস্করণ প্রকাশের প্রকাশের জন্য সকল জেলা প্রশাসক বরাবের ৩ লক্ষ টাকা করে বাজেট বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৩) ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জেলা-ব্র্যান্ডিং বুকের দ্বিতীয় সংস্করণ প্রকাশের এবং জেলা-ব্র্যান্ডিং-এর স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৪) ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে সুবিধাজনক স্থানে ব্র্যান্ডিং কর্নার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সাধারণ সেবা অধিশাখায় পত্র প্রেরণ করা হয়।

(৫৫) ০৭ ফেব্রুয়ারি ২০১৯ মন্ত্রণালয় ও মাঠ পর্যায়ের ই-গভর্নেন্স সংক্রান্ত কার্যক্রমসমূহের (তথ্য-বাতায়ন, ই-সেবা, উদ্ভাবন ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ ইত্যাদি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও সমন্বয়সাধনের লক্ষ্যে কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৫৬) ১৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ স্থানীয় সরকার বিভাগ, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের নাগরিক-সেবা উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

(৫৭) স্বাধীনতা পদকের জন্য সর্বমোট ৪৬টি প্রস্তাব পাওয়া গেছে। যাছাই-বাছাই শেষে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রস্তাবসমূহ উপস্থাপন করা হয়। প্রাপ্ত প্রস্তাবসমূহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য কমিটি বিষয়ক অধিশাখায় প্রেরণ করা হয়।

(৫৮) 'Technical Support Project for CRVS System Improvement in Bangladesh-2nd Phase' প্রথম সংশোধন' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়।

(৫৯) Project Management Information System (PMIS) সফটওয়্যারে প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্পের তথ্য এন্ট্রি দেওয়ার পর মন্ত্রণালয়/বিভাগের অনুসমর্থন-এর জন্য এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ ওয়াহিদুজ্জামান খাঁন এ বিভাগের ফোকাল পার্সন কর্মকর্তা হিসাবে মনোনয়ন প্রদান করা হয়। (৬০) Project Management Information System (PMIS) সফটওয়্যারে অন্তর্ভুক্তি ও লাইভ তথ্য প্রদানের জন্য সকল প্রকল্প পরিচালককে পত্র প্রেরণ করা হয়।

(৬১) ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম (নেস) এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের (ইউডিসি) ড্যাশবোর্ড মনিটরিং করা হয় এবং জানুয়ারি ২০১৮ মাসের কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করে বিভাগীয় কমিশনারদের সমন্বয় সভায় উপস্থাপনের জন্য জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগে প্রেরণ করা হয়।

(৬২) ইনফরমেশন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে এফসিআর প্রেরণ এবং প্রস্তুতসংক্রান্ত কাজে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক-এর কার্যালয় এবং এ বিভাগের মাঠপ্রশাসন সংযোগ অধিশাখায় প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(৬৩) ২টি ভিডিও কনফারেন্সে কারিগরি সহায়তা করা হয়।

(৬৪) ই-নথি এবং জিআরএস সফটওয়্যার ব্যবহারে কারিগরি সহায়তা করা হয়।

(৬৫) ১৩টি মন্ত্রণালয়/বিভাগ এর ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়।

(৬৬) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধন প্রস্তাবসমূহ কারিগরি কমিটির সভায় উপস্থাপন করা হয়।

(৬৭) মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা ২০১৯-২০-এর খসড়া প্রস্তুত করা হয়।

(৬৮) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সমন্বিত অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির সভায় উপস্থাপন করা হয়।

(৬৯) ২৭ ফেব্রুয়ারি ২৫০১৯ তারিখে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৭০) ১৩টি মন্ত্রণালয়/বিভাগের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে কারিগরি কমিটির সভায় উপস্থাপন করা হয়।

(৭১) ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জাতীয় শুদ্ধাচার সহায়তা প্রকল্প (ফেজ-২) শীর্ষক প্রকল্প গ্রহণ সংক্রান্ত সভা এ বিভাগের সংস্কার অনুবিভাগের আওতাধীন অধিশাখা/শাখার কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত হয়।

(৭২) ১৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প (ফেজ-২) শীর্ষক প্রকল্পের বাজেট সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বাজেট প্রস্তুতকরণ কমিটি গঠন করা হয়।

(৭৩) আন্তর্জাতিক রেটিং এজেন্সি মেসার্স মুডিস-এর অনুকূলে তথ্য প্রেরণের নিমিত্ত এ সংক্রান্ত তথ্য চেয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৪) ১১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত পত্র সচিব, তথ্য কমিশন; মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো; সকল বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয় বরাবর প্রেরণ করা হয়।

(৭৫) ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে 'তথ্য প্রাপ্তিতে নারীর অগ্রগতি' শীর্ষক প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট সোর্স পার্সনস, বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং দি কার্টার সেন্টার বরাবর প্রেরণ করা হয় এবং ২-৩ মার্চ ২০১৯ মেয়াদে উক্ত প্রশিক্ষণ জেলা প্রশাসকের কার্যালয়, সিলেটে অনুষ্ঠিত হয়।

গ. আগামী (মার্চ-এপ্রিল) দুই মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) ১৯৯১ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ/উপদেষ্টা পরিষদ বৈঠকের কার্যবিবরণীসহ সারসংক্ষেপ ও বিজ্ঞপ্তিসমূহের মোট ২০ খন্ড রেকর্ড বই আকারে বাঁধাইয়ের কাজ সম্পন্ন হলে বিজি প্রেস থেকে নিয়ে আসা।
(৪) ১৯৯২ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসহ সারসংক্ষেপের খন্ডসমূহ ফটোকপি করা।
(৫) ২০১৭ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপ, বিজ্ঞপ্তি ও কার্যবিবরণীর ৪৭টি খন্ড বই আকারে বাঁধাইয়ের জন্য বিজি প্রেসে প্রেরণ।

(৬) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৭) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৮) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৯) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১০) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(১১) রোহিংগা জনগোষ্ঠীর বাংলাদেশে অনুপ্রবেশের কারণে আর্থ-সামাজিকভাবে ক্ষতিগ্রস্ত কক্সবাজারের স্থানীয় জনগণের জন্য সামাজিক নিরাপত্তা কার্যক্রম বর্ধিতকরণের বিষয়ে প্রকল্প প্রস্তাব প্রণয়ন।

(১২) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase-2 প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন।

(১৪) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা।

(১৫) পদ সৃজন, পদ স্থায়ীকরণ এবং সমজাতীয় কার্যক্রমের প্রস্তাব অনলাইনে (online) প্রেরণ ও পরিবীক্ষণ করার লক্ষ্যে সফট্ওয়্যারের ফরমেট তৈরির জন্য গঠিত উপকমিটির সভা।

(১৬) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১৭) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সচিব কমিটির সভা।

(১৮) নিকার-এর ১১৬ তম সভা অনুষ্ঠান।

(মুহাম্মদ আসাদুল হক)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd